দৈনিক বাংলা

তারিখ ... 10/1/84 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 3 ...

0 011



স্কুলে স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। সোমবার আইডিয়াল হাইস্কুলের সামনে উৎকণ্ঠা নিয়ে অভিভাবকরা অপেক্ষা করছেন —দৈনিক বাংলা

# স্কুলে ভর্তি সমস্যা: এবার ভিড় বেশী

(স্টাফ রিপোর্টার)

গতকাল রাজধানীর বিভিন্ন বেসরকারী স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়ে গেছে। আজ অনুষ্ঠিত হবে সরকারী স্কুলগুলোর ভর্তি পরীক্ষা। দুটি বেসরকারী স্কুল ঢাকা বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী এবং উদয়ন স্কুলে গতকাল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরীর পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১৮ ও ১৯শে জানুয়ারী এবং উদয়ন স্কুলের হবে আজ।

গতকাল যেসব বেসরকারী স্কুলে ভর্তি পরীক্ষা হয়ে গেল, তার মধ্যে নামী স্কুলগুলোতে ভর্তিচ্ছুদের সবচেয়ে বেশী ভিড় লক্ষ্য করা গেছে। এর মধ্যে আজিমপুর বালিকা বিদ্যালয়, অগ্রণী এবং ভিকারুন্নেসা গার্লস স্কুলের নাম উল্লেখযোগ্য। এসব স্কুলের কোন কোন ক্লাসে শূন্য আসন পিছু দশ জন ভর্তিচ্ছু পরীক্ষা দিয়েছে বলে জানা গেছে।

এবার বিভিন্ন স্কুলের আসন সংখ্যা গত বছরের তুলনায় কম হলেও ভর্তিচ্ছু ছাত্রছাত্রীর সংখ্যা গতবারের চেয়ে অনেক বেশী লক্ষ্য করা গেছে। অগ্রণী স্কুলে গতকাল প্রথম শ্রেণীর ২০টি আসনে ভর্তির জন্যে দুই শ ছাত্রী পরীক্ষা দিয়েছে।

সরকারী স্কুলগুলোতে ভর্তিচ্ছুদের ভিড়ের সংখ্যা আরো বেশী বলে জানা গেছে।

সরকারী ল্যাবরেটরী স্কুলে মাত্র ৮০টি আসনের জন্যে আজ প্রায় ১৪শ ছাত্র পরীক্ষা দেবে।

অন্যদিকে আবার আজিমপুর এলাকার নয়াপল্টন লাইন হাই-স্কুলে বিভিন্ন শ্রেণীতে মোট ১৫০টি শূন্য আসনের জন্যে ভর্তিচ্ছুদের সংখ্যা হচ্ছে মাত্র ৯৮ জন।